# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৮৫

২৪/ অভিযান (كتاب السير عن رسول الله صلى الله عليه وسلم)

পরিচ্ছেদঃ যুদ্ধ প্রসঙ্গে নবী (ﷺ) এর বিশেষ উপদেশ।

## باب مَا جَاءَ فِي وَصِيَّتِهِ صلى الله عليه وسلم فِي الْقِتَالِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ أَكْثَمَ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ أَبِي حَازِمٍ، عَنْ كَثِيرِ بْنِ زَيْدٍ، عَنِ الْوَلِيدِ بْنِ رَبَاحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ ‏"‏ إِنَّ الْمَرْأَةَ لَتَأْخُذُ لِلْقَوْمِ ‏"‏ ‏.‏ يَعْنِي تُجِيرُ عَلَى الْمُسْلِمِينَ ‏.‏ وَفِي الْبَابِ عَنْ أُمِّ هَانِئٍ ‏.‏ وَهَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ وَسَأَلْتُ مُحَمَّدًا فَقَالَ هَذَا حَدِيثٌ صَحِيحٌ ‏.‏ وَكَثِيرُ بْنُ زَيْدٍ قَدْ سَمِعَ مِنَ الْوَلِيدِ بْنِ رَبَاحٍ وَالْوَلِيدُ بْنُ رَبَاحٍ سَمِعَ مِنْ أَبِي هُرَيْرَةَ وَهُوَ مُقَارِبُ الْحَدِيثِ ‏.‏
حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الدِّمَشْقِيُّ، حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ، أَخْبَرَنِي ابْنُ أَبِي ذِئْبٍ، عَنْ سَعِيدٍ الْمَقْبُرِيِّ، عَنْ أَبِي مُرَّةَ، مَوْلَى عَقِيلِ بْنِ أَبِي طَالِبٍ عَنْ أُمِّ هَانِئٍ، أَنَّهَا قَالَتْ أَجَرْتُ رَجُلَيْنِ مِنْ أَحْمَائِي فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم ‏"‏ قَدْ أَمَّنَّا مَنْ أَمَّنْتِ ‏"‏ ‏.‏ قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ ‏.‏ وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ أَجَازُوا أَمَانَ الْمَرْأَةِ وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ أَجَازَا أَمَانَ الْمَرْأَةِ وَالْعَبْدِ ‏.‏ وَأَبُو مُرَّةَ مَوْلَى عَقِيلِ بْنِ أَبِي طَالِبٍ وَيُقَالُ لَهُ أَيْضًا مَوْلَى أُمِّ هَانِئٍ وَاسْمُهُ يَزِيدُ ‏.‏ وَقَدْ رُوِيَ عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ أَنَّهُ أَجَازَ أَمَانَ الْعَبْدِ ‏.‏ وَقَدْ رُوِيَ عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ وَعَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ ‏"‏ ذِمَّةُ الْمُسْلِمِينَ وَاحِدَةٌ يَسْعَى بِهَا أَدْنَاهُمْ ‏"‏ ‏.‏ قَالَ أَبُو عِيسَى وَمَعْنَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ أَنَّ مَنْ أَعْطَى الأَمَانَ مِنَ الْمُسْلِمِينَ فَهُوَ جَائِزٌ عَلَى كُلِّهِمْ ‏.‏

বাংলা

১৫৮৫। ইয়াহইয়া ইবনু আকছাম (রহঃ) ... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত। তিনি বলেছেনঃ নারীরাও সম্প্রদায়ের পক্ষে (অঙ্গীকার) গ্রহণ করতে পারে অর্থাৎ মুসলিমদের পক্ষ থেকে নিরাপত্তা ও আশ্রয় প্রদান করতে পারে। এই বিষয়ে উম্মু হানী রাদিয়াল্লাহু আনহা থেকে

হাদীস বর্ণিত আছে। হাসান, মিশকাত, তাহকীক ছানী ৩৯৭৮, তিরমিজী হাদিস নম্বরঃ ১৫৭৯ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-গরীব।

আবূল ওয়ালীদ দিমাশকী (রহঃ) ... উম্মু হানী রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত। তিনি বলেন, আমার শ্বশুর পক্ষীয় দুই ব্যক্তিকে আমি নিরাপত্তা প্রদান করেছিলাম। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ যাকে তুমি নিরাপত্তা প্রদান করেছ আমরাও তাকে নিরাপত্তা দান করলাম। সহীহ, সহীহ আবূ দাউদ ২৪৬৮, সহীহাহ ২০৪৯, নাসাঈ সংক্ষিপ্তভাবে।

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সহীহ। আলিমগণ এতদনুসারে আমল করেছেন। তাঁরা মহিলা কর্তৃক প্রদত্ত নিরাপত্তা দান গ্রহণীয় বলে মত প্রকাশ করেছেন। এ হলো আহমাদ ও ইসহাক (রহঃ) এর অভিমত। তাঁরা উভয়ই মহিলা ও গোলাম কর্তৃক প্রদত্ত নিরাপত্তা গ্রহণ করেছেন।

আকিল ইবনু আবূ তালিব রাদিয়াল্লাহু আনহু-এর মাওলা বা আযাদকৃত গোলাম হলেন আবূ মুররা। তিনি উম্মু হানী রাদিয়াল্লাহু আনহা-এর আযাদকৃত দাস বলেও কথিত আছে। তাঁর নাম হল ইয়াযীদ। উমার ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, তিনি দাস কর্তৃক নিরাপত্তা দান জাইয বলে গ্রহণ করেছেন। আলী ইবনু আবূ তালিব ও আবদুল্লাহ ইবনু আমর রাদিয়াল্লাহু আনহুমা সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত। তিনি বলেছেন, মুসলিমদের যিম্মা-দায়িত্ব এক বরাবর। এ বিষয়ে সাধারণতম লোকটিও প্রয়াস চালাবে। আলিমগণের নিকট হাদীসটির তাৎপর্য হলো মুসলিমদের পক্ষ থেকে এক ব্যক্তিও যদি নিরাপত্তা প্রদান করে তবে সকলের পক্ষ থেকেই তা গণ্য হবে।

## English

Narrated Abu Hurairah:

That the Prophet (ﷺ) said: "Indeed a woman grants (assurances of protection) to a people" - meaning it is to be honored - "from the Muslims."

There is something on this topic from Umm Hani, and this Hadith is Hasan Gharib.

I asked Muhammad and he said: "This Hadith is Sahih. Kathir bin Ziad heard from Al-Walid bin Rabah, and Al-Walid bin Rabah heard from Abu Hurairah, and he is Muqarib (average) in Hadith.

Another chain from Umm Hani' who said:
"I granted asylum for two men among my brother-in-laws. So the

Messeneger of Allah (ﷺ) said: 'We grant security to whomever you have granted security.'"

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih.

This is acted upon according to the people of knowledge. They permit assurance of protection by a women. This is the view of Ahmad and Ishaq. They permitted the asylum of a woman and slave

It has been related from other routes from 'Umar bin Al-Khattab that he permitted the asylum granted by a slave.

One of the narrators of this last narration Abu Murrah is the freed slave of 'Aqil bin Abi Talib - they also say that he was freed slave of Umm Hani' - and his name was Yazid.

It has been related from 'Ali bin Abi Talib and 'Abdullah bin 'Amr that the Prophet (ﷺ) said: "The covenants of the Muslims are one, it covers the rest of them."

[Abu 'Eisa said:] According to the people of knowledge, the meaning of this Hadith is that whoever gives assurance of protection among the Muslims, then it is valis to all of them.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22094

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন